ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

উৎসবমুখর পরিবেশে ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে একুশে টিভি ও জনকন্ঠ পত্রিকার প্রতিনিধি এম রায়হান সভাপতি ও এসএ টিভি ও দৈনিক বণিক বার্তা পত্রিকার প্রতিনিধি ফয়সাল আহমেদ সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকেলে ভোট গণণা শেষে নির্বাচন কমিশনার এ ফলাফল প্রকাশ করেন। সভাপতি এম রায়হান পেয়েছেন ৪৯ ভোট ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ পেয়েছেন ২৬ ভোট।

এছাড়াও আমাদের অর্থনীতি পত্রিকার প্রতিনিধি সুলতান আল একরাম ৩২ ভোট পেয়ে ১ নং ও ৩১ ভোট পেয়ে এশিয়ান টিভি, দৈনিক দেশ রুপান্তর ও বাংলানিউজটোয়েন্টিফোর’র প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি ২ নং সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন।

সহ-সাধারণ সম্পাদক পদে বিজয় টিভির প্রতিনিধি খোন্দকার জহুরুল ইসলাম হিরো ৪০ ও আমার সংবাদ পত্রিকার প্রতিনিধি খুরশিদ মোহাম্মদ সালেহ ৩০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। দপ্তর সম্পাদক পদে দৈনিক ঢাকা টাইমস পত্রিকার প্রতিনিধি শাহানুর আলম ৩৯ ভোট পেয়ে জয়ী হয়েছেন।

প্রচার সম্পাদক পদে চ্যানেল টোয়েন্টিফোর’র ঝিনাইদহ প্রতিনিধি সাদ্দাম হোসেন ২৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ক্রীড়া সম্পাদক পদে ৩৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন দৈনিক স্বাধীন বাংলা পত্রিকার প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব।

৩৮ ভোট পেয়ে সাহিত্য ও পাঠাগার সম্পাদক পদে নির্বাচিত হয়েছে গ্লোবাল টিভির ঝিনাইদহ প্রতিনিধি এস এম মেহেদি হাসান জিকু। সাংস্কৃতিক সম্পাদক পদে দৈনিক ভোরের কাগজ পত্রিকার প্রতিনিধি রোকনুজ্জামান মিলন ৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

সময় টিভির স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ সর্ব্বোচ্চ ৫৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। এছাড়াও নির্বাহী সদস্য পদে কালেরকন্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদ ৩৮, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান ৩২, দৈনিক মানবজমিন পত্রিকার প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন ৩৯, দৈনিক নবচিত্রের বার্তা সম্পাদক আসিফ ইকবাল কাজ ৩৭,

বাংলাভিশন টিভির প্রতিনিধি আসিফ ইকবাল মাখন ৩২, বৈশাখী টিভির প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু ৪৪, দৈনিক অর্থনীতির কাগজ পত্রিকার প্রতিনিধি মোস্তফা কামাল ৩৬, দৈনিক লাখোকন্ঠ পত্রিকার প্রতিনিধি ওমর আলী সোহাগ ৪৭ ও দৈনিক একুশের বাণী পত্রিকার প্রতিনিধি রেজওয়ানুল ইসলাম বাপ্পি ৫০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

আজ সকাল ১০ টা থেকে শুরু হওয়া এ নির্বাচন চলে বিরতিহীন ভাবে দুপুর ২ টা পর্যন্ত। নির্বাচেন ২১ টি পদে ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। নির্বাচনে ভোটারের সংখ্যা ৬৬ জন।

নির্বাচন কমিশনারের দ্বায়িত্বে ছিলেন ঝিনাইদহ আদালতের আইনজীবি সুভাষ বিশ্বাস মিলন, তন্ময় কুমার কুন্ডু ও কাজী মেহেদী হাসান প্রিন্স। নব-নির্বাচিত এই কমিটিতে স্বাগত জানিয়েছেন ঝিনাইদহের নানা শ্রেণী পেশার মানুষ।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নির্বাচন সম্পন্ন

উৎসব উদ্দীপনার মধ্যদিয়ে চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা ইউনিটের দ্বি-বার্ষিক নির্বাচনের ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ৮টা থেকে শুরু হয়ে দুপুর ১২টা পর্যন্ত চুয়াডাঙ্গা প্রেসক্লাবে বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এরপর শুরু হয় ভোট গণনা কার্যক্রম। নির্বাচন পরিচালনা কমিটি সব প্রস্তুতি সম্পন্ন করেছে ।

প্রেসক্লাবের নির্বাচনে অংশগ্রহণ করে রাজীব হাসান কচি-নাজমুল হক স্বপন প্যানেল ও ফাইজার চৌধুরী-বিপুল আশরাফ প্যানেল।

অপরদিকে, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা ইউনিটের নির্বাচনেও

দুটি প্যানেল অংশগ্রহণ করে। একটিতে শেখ সেলিম-এমএ মামুন ও অপরটিতে সরদার আল-আমিন-কামরুজ্জামান চাঁদ।

নির্বাচন পরিচালনা কমিটি ভোট গণনা শেষে ফলাফল ঘোষণা করেন, প্রেসক্লাবের সভাপতি পদে রাজীব হাসান কচি ২৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী ফাইজার চৌধুরী পেয়েছেন ২২ ভোট। সাধারণ সম্পাদক পদে বিপুল আশরাফ ২৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী নাজমুল হক স্বপন পেয়েছেন ২১ ভোট। সাংবাদিক সমিতির সভাপতি পদে সরদার আল আমিন ২৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার নিকটতম প্রতিদ্বন্ধী শেখ সেলিম পেয়েছেন ১৯ ভোট। সাধারণ সম্পাদক পদে কামরুজ্জামান চাঁদ ২৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার নিকটতম প্রতিদ্বন্ধী এমএ মামুন পেয়েছেন ২১ ভোট।

প্রেসক্লাবের অন্যান্য পদে যারা নির্বাচিত হয়েছেন, সহসভাপতি পদে রফিক রহমান ২৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্ধী আহাদ আলী মোল্লা পেয়েছেন ১৯ ভোট। সহ-সাধারণ সম্পাদক পদে ইসলাম রকিব ২৫ ভোট পেয়ে পূনরায় নির্বাচিত হয়েছেন এবং তার নিকটতম প্রতিদ্বন্ধী হুসাইন মালিক পেয়েছেন ২০ ভোট। অর্থ সম্পাদক পদে আতিয়ার রহমান ২৪ ভোট পেয়ে পূনরায় নির্বাচিত হয়েছেন, তার তিকটতম প্রতিদ্বন্ধী মাহফুজ মামুন পেয়েছেন ২১ ভোট। সাংস্কৃতিক ও প্রকাশনা সম্পাদক পদে জহির রায়হান সোহাগ ২৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী জামান আক্তার পেয়েছেন ২২ ভোট। ক্রীড়া সম্পাদক পদে সোহেল সজীব ২৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী সনজিদ কর্মকার পেয়েছেন ২০ ভোট। দপ্তর সম্পাদক পদে আবুল হাশেম ২৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী মফিজুর রহমান জোয়াদ্দার পেয়েছেন ২২ ভোট। কার্যকারী সদস্য পদে নির্বাচিত হয়েছেন ৫জন তার মধ্যে, শাহ আলম সনি পেয়েছেন ২৬ ভোট, আজাদ মালিতা পেয়েছেন ২৪ ভোট, রফিকুল ইসলাম পেয়েছেন ২৪ ভোট, শামীম রেজা পেয়েছেন ২৩ ভোট অন্যান্যদের মধ্যে রিফাত রহমান ২২ ভোট, খাইরুজ্জামান সেতু ২২ ভোট এবং পলাশ উদ্দীন ২২ ভোট। তিনজন সমান সংখ্যক ভোট পাওয়ায় লটারীর মাধ্যমে পলাশ উদ্দীন নির্বাচিত হয়।

অপরদিকে, সাংবাদিক সমিতির অন্যান্য পদে যারা নির্বাচিত হয়েছেন, সহ-সভাপতি পদে খাইরুল ইসলাম ২৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী রানা কাদির পেয়েছেন ২২ ভোট। সহ-সাধারণ সম্পাদক পদে রেজাউল করিম লিটন ২৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন,

তার নিকটতম প্রতিদ্বন্ধী রুহুল আমিন রতন পেয়েছেন ২০ ভোট। অর্থ সম্পাদক পদে আলমগীর কবির শিপলু ২৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্ধী উজ্জল মাসুদ পেয়েছেন ২০ ভোট। ক্রীড়া সম্পাদক পদে আনজাম খালেক বিনা প্রতিদ্বন্ধীতায় নির্বাচিত হয়েছেন।

প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির দ্বিবার্ষিক নির্বাচন পরিচালনা করেন আহ্বায়ক অ্যাড. সোহরাব হোসেন, কমিটির সদস্য অ্যাড. আবুল বাশার ও অ্যাড. ফিরোজ হোসেন।

উল্লেখ্য, গত ৮ জানুয়ারি চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা ইউনিটের দ্বিবার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল ১৩ জানুয়ারি। মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয় ১৪ জানুয়ারি। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ছিল ১৫ জানুয়ারি। পরদিন ১৬ জানুয়ারি চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশ করে নির্বাচন পরিচালনা কমিটি। গতকাল শনিবার ২৭ জানায়ারি নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন শেষে ফলাফল ঘোষণা করা হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত ওসি মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবীরের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের মিলনায়তনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে মতবিনিময় সভায় প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আলমগীর কবীর।

দামুড়হুদা প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজলের প্রাণবন্ত সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক সাজিদ হাসান সোহাগ, অর্থ সম্পাদক আহাদ আলী মোল্লা, নির্বাহী সদস্য আব্দুস সালাম, সিনিয়র সাংবাদিক ও প্রেসক্লাব সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, খালেকুজ্জামান, রশেদুল ইসলাম, সালেকিন মিয়া সাগর, এসএম সুজন, রাসেল আহমেদ, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান তুষার সহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ, সাংবাদিক আশাবুল হক, মখলেছুর রহমান প্রমুখ।

মতবিনিময় সভার শুরুতেই দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর কে প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

মতবিনিময় সভায় (ওসি) মো আলমগীর কবীর বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সামনে আগিয়ে নিতে বিশেষ ভূমিকা রাখেন সাংবাদিকরা। দামুড়হুদা প্রেসক্লাব একটি ঐতিহ্যবাহী সংগঠন। আমি এই সংগঠনের সকল সদস্যদের প্রতি উদাত্ত আহ্বান রাখবো যেন তাদের লেখেনির মাধ্যমে কোন ব্যক্তি বা সংগঠন ক্ষতিগ্রস্থ না হয়। আপনারা সংবাদ পরিবেশের আগে তথ্যের সত্যতা যাচায়-বাছায় করে সংবাদ পরিবেশের করবেন।

তিনি আরও বলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের লেখেনির মাধ্যমে যেন রাষ্ট্রের উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলো বহুল প্রচারিত হয়। আপনারা থানা এলাকার যে কোনো ধরণের আপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য পেলেই আমাকে জানাবেন। আমি সেই তথ্যের হাঁড়ির খবর খুঁজে বের করে আপরাধ দমনে আইনগত ব্যবস্থা নেবো।

দামুড়হুদা প্রেসক্লাবের ৫জন কে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলী,প্রমুখ।

সভায় কেক কেটে শুভ জন্মদিন পালন করা হয়,পরে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে।

মুজিবনগর প্রেসক্লাবে স্বতন্ত্র প্রার্থী গোলাম রসুলের মতবিনিময়

১৭ অক্টোবর মেহেরপুর জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে মুজিবনগর প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল।

বৃহস্পতিবার সকাল ১১টার সময় জেলা পরিষদ ডাকবাংলো সূর্যদয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় কালে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল বলেন, তৃণমূল থেকে নির্বাচিত জনপ্রতিনিধি দ্বারা নির্বাচিত হবে জেলা পরিষদ চেয়ারম্যান। অন্যান্য নির্বাচনের তুলনায় এবার নির্বাচন হবে একটু ভিন্ন আঙ্গিকে। ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) পদ্ধতিতে ভোট গ্রহন করা হবে। জেলার তিন উপজেলায় তিনটি কেন্দ্ৰ স্থাপন করা হবে এবং প্রতিটি কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হবে। ফলে ভোট কারচুপি করার কোন সুযোগ নেই। এবং ভোটারদের ভয় পাওয়া বা সংকোচ প্রকাশের কনো কারণ নেই।

এসয়য় তিনি আরো বলেন, অন্যান্য ভোটে বাংলাদেশ আওয়ামী লীগ দলীয় মনোনয়ন দিয়ে নৌকা প্রতীক দিয়েছেন । কিন্তু জেলা পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন দিলেও নৌকা প্রতীক দেয়নি। ফলে সকলেই জেলা পরিষদ নির্বাচনে অংশ গ্রহন করতে পারছেন।

আমি দলীয় শৃংখলার মধ্য দিয়েই আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে নিয়ে নির্বাচনে অংশ গ্রহন করেছি। এবারের নির্বাচন অবাধ সুষ্ঠু নিরেপেক্ষ হবে এমন প্রত্যাশা রেখে ভোটারদের অভয় দেয়ার জন্য

কাউন্সিল করার আহবান জানান নির্বাচন কমিশনের প্রতি। নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ হলে তার বিজয় নিশ্চিত বলেও আশা প্রকাশ করেন তিনি।

মতবিনিময় সভায় মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসী ওমর ফারুক প্রিন্স,সাধারণ সম্পাদক শেখ শফি,সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান,অর্থ সম্পাদক উজ্বলসহ সকল সদস্যবৃন্দ ও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনী প্রেসক্লাবে জেলা পরিষদ নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী গোলাম রসুলের মতবিনিময়

আসন্ন জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল। বুধবার দুপুরে গাংনী প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময়কালে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল বলেন, তৃণমূল থেকে নির্বাচিত জনপ্রতিনিধি দ্বারা নির্বাচিত হবে জেলা পরিষদ চেয়ারম্যান। অন্যান্য নির্বাচনের তুলনায় এবার নির্বাচন হবে একটু ভিন্ন আঙ্গিকে। ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) পদ্ধতিতে ভোট গ্রহন করা হবে। জেলার তিন উপজেলায় তিনটি কেন্দ্র স্থাপন করা হবে এবং প্রতিটি কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হবে। ফলে ভোট কারচুপি করার কোন সুযোগ নেই। এবং ভোটারদের ভয় পাওয়া বা সংকোচ প্রকাশের কনো কারণ নেই।

এসয়য় তিনি আরো বলেন, অন্যান ভোটে বাংলাদেশ আওয়ামী লীগ দলীয় মনোনয়ন দিয়ে নৌকা প্রতীক দিয়েছেন । কিন্তু জেলা পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন দিলেও নৌকা প্রতীক দেয়নি। ফলে সকলেই জেলা পরিষদ নির্বাচনে অংশ গ্রহন করতে পারছেন।

আমি দলীয় শৃঙখলার মধ্য দিয়েই আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে নিয়ে নির্বাচনে অংশ গ্রহন করেছি। এবারের নির্বাচন অবাধ সুষ্ঠু নিরেপেক্ষ হবে এমন প্রত্যাশা রেখে ভোটারদের অভয় দেয়ার জন্য কাউন্সিল করার আহবান জানান নির্বাচন কমিশনের প্রতি। নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ হলে আমার বিজয় নিশ্চিত বলেও আশা প্রকাশ করেন তিনি।

মতবিনিময় সভায় প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ ও বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে ঝিনাইদহ প্রেসক্লাবের শোক

দৈনিক দেশ রূপান্তর পত্রিকার সম্পাদক সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি-সম্পাদকসহ কর্মরত সাংবাদিকবৃন্দ।

শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে তার লাশের কফিনের উপরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এসময় সাংবাদিকদের সাথে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোঃ সোহেল রানা, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্য সাংবাদিকগণ। সকলেই এই শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

বৃহস্পতিবার রাতে দৈনিক দেশ রূপান্তর পত্রিকার বার্তাকক্ষে কর্মরত অবস্থায় স্ট্রোক করেন তিনি। পরে গুরুতর অসুস্থ অবস্থায়

রাজধানীর বিআরবি হাসপাতালে ভর্তি করা হয় অমিত হাবিবকে।

১৯৮৭ সালে খবর গ্রুপ অব পাবলিকেশন্সে একই সঙ্গে রিপোর্টার ও সাব-এডিটর হিসেবে কর্মজীবন শুরু করেন অমিত হাবিব। পরে সাপ্তাহিক পূর্বাভাস পত্রিকায় সাব-এডিটর পদে যোগ দেন তিনি।

১৯৯১ সালে দৈনিক আজকের কাগজ পত্রিকায় সিনিয়র সাব-এডিটর হয়ে যোগ দেন। এর পরের বছর একই পদে যোগ দেন দৈনিক ভোরের কাগজে। অল্প দিনের মধ্যে পদোন্নতি পেয়ে যুগ্ম বার্তা সম্পাদক ও পরে বার্তা সম্পাদক হন তিনি।

২০০৩ সালে দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রধান বার্তা সম্পাদক হিসেবে যোগ দেন এই সাংবাদিক। তবে পত্রিকাটি বাজারে আসে ২০০৬ সালে।

২০০৭ সালে চীনের আন্তর্জাতিক বেতারে বিদেশি বিশেষজ্ঞ হিসেবে যোগ দিয়ে বেইজিংয়ে কর্মরত থাকা অমিত হাবিব দেশীয় সাংবাদিকতার সঙ্গে দূরত্বের কথা বিবেচনায় তা ছেড়ে দেশে ফিরে আসেন।

২০০৯ সালে দৈনিক সমকালের প্রধান বার্তা সম্পাদকের পদ ছেড়ে দৈনিক কালের কণ্ঠে নির্বাহী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ২০১৩ সাল থেকে উপদেষ্টা সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। দৈনিক দেশ রূপান্তরের সূচনালগ্ন থেকে তিনি সম্পাদকের দায়িত্ব পালন করে আসছিলেন।

অমিত হাবিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কাজীরবেড় গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। শুক্রবার বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে শেষ জানাজা এবং দাফন সম্পন্ন হয়।

জলবায়ু ঝুঁকি হ্রাসে ৭ দফা দাবী বাস্তবায়নে ঝিনাইদহে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]